

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৬৯০

৪৮. পোশাক-পরিচ্ছদ অধ্যায় (کتاب اللباس) পরিচ্ছেদঃ ২. রঙিন কাপড ও স্বর্ণ ব্যবহার প্রসঙ্গ

مَا جَاءَ فِي لُبْسِ الثِّيَابِ الْمُصبَّغَةِ وَالذَّهَبِ

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ نَافِعٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ كَانَ يَلْبَسُ الثَّوْبَ الْمَصْبُوغَ بِالْمِشْقِ وَالْمَصْبُوغَ بِالْمِشْقِ وَالْمَصْبُوغَ بِالزَّعْفَرَان

قَالَ يَحْيَى وَسَمِعْت مَالِك يَقُولُ وَأَنَا أَكْرَهُ أَنْ يَلْبَسَ الْغِلْمَانُ شَيْئًا مِنْ الذَّهَبِ لِأَنَّهُ بَلَغَنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ تَخَتُّمِ الذَّهَبِ فَأَنَا أَكْرَهُهُ لِلرِّجَالِ الْكَبِيرِ أَنَّ مَنْهُمْ وَالصَّغِيرِ قَالَ يَحْيَى وَسَمِعْت مَالِك يَقُولُ فِي الْمَلَاحِفِ الْمُعَصِّفَرَةِ فِي الْبُيُوتِ لِلرِّجَالِ وَفِي الْمُعَصِّفَرَةِ فِي الْبُيُوتِ لِلرِّجَالِ وَفِي الْأَفْنِيَةِ قَالَ لَا أَعْلَمُ مِنْ ذَلِكَ شَيْئًا حَرَامًا وَغَيْرُ ذَلِكَ مِنْ اللِّبَاسِ أَحَبُ إِلَيَّ

## বাংলা

রেওয়ায়ত ৪. নাফি (রহঃ) হইতে বর্ণিত, আবদুল্লাহ ইবনে উমর (রাঃ) গেরুয়া ও জাফরানী রঙে রঞ্জিত কাপড় পরিধান করিতেন।

মালিক (রহঃ) বলেন, আমার মতে শিশুদেরকে স্বর্ণ পরান মাকরহ। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হইতে আমার নিকট এই খবর পৌছিয়াছে যে, তিনি সোনার আংটি পরিতে নিষেধ করিয়াছেন। পুরুষ ও ছেলের জন্য সোনা ব্যবহার করা মাকরহ মনে করি। যরকানী বলেনঃ বড়দের জন্য সোনা ব্যবহার করা মাকরুহ তাহরীমা এবং ছোটদের জন্য মাকরুহ তানযীহী। বাচ্চাদেরকে রৌপ্যের অলঙ্কার পরানোও অনেকের মতে মাকরহ, আবার কাহারও মতে বৈধ।

মালিক (রহঃ) বলেনঃ আমি পুরুষদের জন্য ঘরে ও ঘরের আশেপাশে কুসুম রঙের রঞ্জিত চাদর গায়ে দেওয়া হারাম মনে করি না। কিন্তু আমার মতে না পরাই ভাল, ইহা ব্যতীত অন্য পোশাক পরিধান করাই পছন্দনীয়।

## **English**



Yahya related to me from Malik from Nafi that Abdullah ibn Umar wore garments dyed with red earth and dyed with saffron.

Yahya said that he heard Malik say, "I disapprove of youths wearing any gold because I heard that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, forbade wearing gold rings, and I disapprove of it for males old or young."

Yahya said, "I heard Malik say about men wearing wraps dyed with safflower in their houses and courtyards, 'I do not know that any of that is haram but I prefer other garments than that.' "

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন